



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/17/2021

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে নিউ ইয়র্কবাসীদের জন্য উন্মুক্ত তালিকাভুক্তির মেয়াদ 15 মে পর্যন্ত বাড়ানো হয়েছে যেহেতু লক্ষ লক্ষ আমেরিকানদের জন্য ফেডারেল মার্কেটপ্লেস পুনরায় খুলছে

নিউ ইয়র্কবাসীরা নিউ ইয়র্ক স্টেট অফ হেলথ (NY State of Health), অথবা সরাসরি বীমাকারীদের মাধ্যমে কভারেজের জন্য এখন আবেদন করতে পারেন

ফেডারেল মার্কেটপ্লেস এবং অসংখ্য স্টেট মার্কেটপ্লেসের বর্ধিত তালিকাভুক্তির সঙ্গে নিউ ইয়র্ককে সারিবদ্ধ করে

যখন COVID-19 এর প্রতিক্রিয়া এবং টীকা বিতরণ রাজ্যব্যাপী অব্যাহতভাবে চলছে, উচ্চ মানের স্বাস্থ্য বীমা আগের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্কের স্বাস্থ্য বীমার উন্মুক্ত তালিকাভুক্তির সময়সীমা আরও প্রসারিত করা হবে 15 মে, 2021 পর্যন্ত। এই সম্প্রসারণের মাধ্যমে, নিউ ইয়র্ক [ফেডারেল মার্কেটপ্লেস](#) এবং অন্যান্য রাজ্য ভিত্তিক মার্কেটপ্লেসে যোগ দান করছেন গ্রাহকদের 2021 সালের জন্য তালিকাভুক্তির উদ্দেশ্যে আরও সময় প্রদান করে। নিউ ইয়র্কবাসীরা [NY স্টেট অফ হেলথ \(NY State of Health\)](#) নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বীমা মার্কেটপ্লেস, অথবা সরাসরি বীমাকারীর মাধ্যমে কভারেজের জন্য আবেদন করতে পারেন।

"যখন আমরা চলমান COVID-19 সংকটের বিশাল চ্যালেঞ্জ পরিভ্রমণ চালিয়ে যাচ্ছি এবং মহামারীর পরবর্তী বিশ্বের জন্য পুনর্নির্মাণের জন্য কাজ করছি, নিউ ইয়র্কবাসীদের সাশ্রয়ী মূল্যের স্বাস্থ্যসেবা নিশ্চিত করা আগের চেয়ে অনেক বেশি গুরুত্বপূর্ণ," **গভর্নর কুওমো বলেন।** "উন্মুক্ত তালিকাভুক্তির এই সাধারণ পদক্ষেপ ফেডারেল সরকারের পদক্ষেপের সাথে সামঞ্জস্যপূর্ণ এবং নিউ ইয়র্কবাসীদের নিজেদের এবং তাদের পরিবারকে সুরক্ষিত রাখতে সাহায্য করবে। আমি সবাইকে উৎসাহিত করছি NY স্টেট অফ হেলথের বিভিন্ন পরিকল্পনা অন্বেষণ করতে এবং আজকেই বীমা করাতে।"

কভারেজ শুরুর তারিখ ভিন্ন হবে:

- 15 মার্চ নথিভুক্ত করুন: কভারেজ শুরু 1 এপ্রিল

- 15 এপ্রিলের মধ্যে নথিভুক্ত করুন: কাভারেজ শুরু 1 মে
- 15 মে-র মধ্যে নাম নথিভুক্ত করুন: কাভারেজ শুরু 1 জুন

বেশিরভাগ মার্কেটপ্লেসের তালিকাভুক্তি তাদের কাভারেজের খরচ কমানোর জন্য আর্থিক সাহায্যের যোগ্যতা অর্জন করে। এই এক্সটেনশন যোগ্য ব্যক্তিদের 2021 সালে কাভারেজের জন্য তালিকাভুক্ত করার জন্য যোগ্যতাসম্পন্ন স্বাস্থ্য পরিকল্পনা (Qualified Health Plan) বীমার জন্য অতিরিক্ত সময় মঞ্জুর করে। সকল NY স্টেট অফ হেল্থ প্রোগ্রামের জন্য তালিকাভুক্তি উন্মুক্ত, যা চলমান জনস্বাস্থ্য জরুরী অবস্থার সময় বিশেষভাবে গুরুত্বপূর্ণ।

যে সকল ব্যক্তি অন্যান্য NY স্টেট অফ হেল্থ প্রোগ্রামের জন্য যোগ্য - মেডিকেইড, এসেনশিয়াল প্ল্যান এবং চাইল্ড হেল্থ প্লাস (Medicaid, Essential Plan and Child Health Plus) - তারা সারা বছর ভর্তি হতে পারেন। বরাবরের মতই, ভোক্তারা নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থ-এর মাধ্যমে অনলাইনে কাভারেজের জন্য আবেদন করতে পারবেন nystateofhealth.ny.gov এ, 1-855-355-5777 নম্বরে ফোন করে এবং একজন [বিনামূল্যের তালিকাভুক্তি সহায়কের](#) সাথে সংযুক্ত হয়ে।

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্যের নির্বাহী পরিচালক ডোনা ফ্রেসকাটোর বলেন, "গভর্নর কুওমোর নেতৃত্বে নিউ ইয়র্ক তার উন্মুক্ত তালিকাভুক্তির সময়সীমা বাড়াচ্ছে, যার ফলে নিউ ইয়র্কবাসীরা তাদের প্রয়োজনীয় গুণগত মান সম্পন্ন, সাশ্রয়ী মূল্যের স্বাস্থ্য কাভারেজ খুঁজে পেতে আরো সময় পাচ্ছেন। নিউ ইয়র্কবাসীরা যখন এই মহামারীর সাথে লড়াই চালিয়ে যাচ্ছে এবং টিকা দান প্রচেষ্টা অব্যাহত রয়েছে, তখন স্বাস্থ্য কাভারেজ থাকা গুরুত্বপূর্ণ। আজই ভর্তি হন।"

ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের সুপারিনটেনডেন্ট লিন্ডা এ. লেসওয়েল বলেন, "এই চলমান বৈশ্বিক মহামারীর সময় সকল নিউ ইয়র্কবাসীদের জন্য সাশ্রয়ী এবং মানের চিকিৎসা সেবা নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। গভর্নর কুওমোর নেতৃত্বে, নিউ ইয়র্ক আবার তার উন্মুক্ত তালিকাভুক্তির সময়সীমা বাড়িয়েছে, প্রেসিডেন্ট বাইডেনের নির্বাহী আদেশের সাথে সামঞ্জস্য রেখে, বীমাহীন নিউ ইয়র্কবাসীদের একজন নিউ ইয়র্ক স্টেট হেল্থ ইন্স্যুরেন্স প্রোভাইডারকে নির্বাচন করার সুযোগ প্রদান করছেন তাদের প্রয়োজনীয় সেবা পাওয়ার জন্য। আমরা নিউ ইয়র্কবাসীদের অনুরোধ করছি আজকে NY স্টেট অফ হেল্থের মাধ্যমে সাইন আপ করতে।"

21 জানুয়ারি গভর্নর কুওমো [ঘোষণা](#) করেন যে উন্মুক্ত তালিকাভুক্তির মেয়াদ 31 মার্চ 2021 পর্যন্ত বাড়ানো হবে।

করোনাভাইরাসের জরুরি অবস্থার সময় নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থ ইন্স্যুরেন্স বিকল্প সম্পর্কে অতিরিক্ত তথ্য [এখানে](#) পাওয়া যাবে।

করোনাভাইরাস জরুরি অবস্থার সময় আর্থিক পরিষেবা দপ্তর সংক্রান্ত তথ্য এবং সম্পদ [এখানে](#) পাওয়া যাবে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)